সুরক্ষা
কর্মক্ষেত্রে দূর্ঘটনা
বীমার জন্য
এডভোকেসী

On behalf of:
Laudes Foundation

Implemented by:
giz Deutsche Gesellschaft für Internationale Zusammenarbeit (GIZ) GmbH

## এমপ্লয়মেন্ট ইনজুরি ইন্স্যুরেন্স ( ই আই আই ) কি?

এমপ্লয়মেন্ট ইনিজুরি ইন্স্যুরেঞ্জ (ই ই আই) এমন একটি সামাজিক সুরক্ষা ব্যবস্থা যার মাধ্যমে শ্রমিকদের পেশাগত দুর্ঘটনা এবং ব্যাধির জন্য চিকিৎসা সুবিধা এবং ক্ষতিপূরণ প্রদান করা হয়।

## ই আই আই এর বৈশিষ্ট্য

- ই আই আই স্কিম এর তিনটি মূল স্তম্ভ হলো প্রতিরোধ, পুনর্বাসন এবং ক্ষতিপূরণ। অধিকাংশ দেশে ক্ষতিপূরণ ব্যবস্থা স্থাপনের মাধ্যমে ই আই আই স্কিম শুরু করা হয়।

- ই আই আই স্কিম প্রচলিত স্বাস্থ্য বীমা নয়। এটি শুধুমাত্র কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধির ক্ষেত্রে সুরক্ষা প্রদান করে।

- প্রাথমিক অবস্থায় জাতীয় ই আই আই স্কিম তুলনামূলকভাবে সুসংগঠিত / কাঠামোবদ্ধ শিল্পখাতে চালু হয়। পর্যায়ক্রমে অন্যান্য প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক শিল্পখাতেও এই স্কিম সম্প্রসারণ করা হয়।

- তৈরি পোশাক শিল্প বাংলাদেশের প্রায় চল্লিশ লাখ শ্রমিকের জীবিকার সংস্থান করে । এ কারনে এদেশে একটি পাইলট ই আই আই স্কিম বাস্তবায়নের জন্য এই খাতকে সবচেয়ে উপযোগী হিসেবে বিবেচনা করা হয়।



- ই আই আই স্কিম কোনো বেসরকারী বীমা নয়। স্বায়ত্বশাসিত সংস্থা বা রাষ্ট্রকর্তৃক পরিচালিত কোনো প্রতিষ্ঠান এই স্কিমটি ব্যবস্থাপনার দায়িত্বে থাকে এবং সরকার, মালিকপক্ষ ও শ্রমিকপক্ষের প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত একটি ত্রিপাক্ষিক পরিচালনা পর্ষদ এর তত্বাবধান করে।

- কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধি পরবর্তী দায়িত্ব পালনে কোনো মালিক ব্যর্থ হলেও ক্ষতিগ্রস্ত শ্রমিক ই আই আই স্কিম এ আওতাভুক্ত সুবিধা পাবেন।

- ক্ষতিপূরণ সম্পর্কিত মামলা পরিহার করা হবে এই শর্তে ক্ষতিগ্রস্ত শ্রমিকদের ই আই আই স্কিম থেকে ক্ষতিপূরণ দেওয়া হয়। এক্ষেত্রে মালিকপক্ষকেও বাধ্যতামূলকভাবে নির্ধারিত অর্থ ই আই আই স্কিম এর তহবিলে নিয়মিত পরিশোধ করতে হবে।

- ই আই আই স্কিম 'নো ফল্ট' ( দায়মুক্ত) নীতি অনুসরন করে । অর্থাৎ যথাযথ সাবধানতা অবলম্বনের পরেও কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধির কারনেও কোন শ্রমিক ক্ষতিগ্রস্থ হলে সেই শ্রমিক ই আই আই স্কিম এর আওতাভুক্ত সুবিধাদি পাবেন। এই পদ্ধতিটি কার্যকর কারণ আইন ব্যবস্থায় দায়ী ব্যক্তিদের শনাক্ত করতে অনেক অর্থ ও সময় ব্যয় হয়।

- একটি ই আই আই স্কিম অর্থায়ন করে মালিকপক্ষ । স্কিম এর আওতায় যে সকল শ্রমিক আছেন তাদের বেতনের উপর অর্থায়ন করা হয়। আইএলও প্রস্তাব করেছে যে , বাংলাদেশে তৈরি পোষাক এবং টেক্সটাইল সামগ্রী প্রস্তুতকারক প্রতিষ্ঠানের মালিকদের ই আই আই স্কিম এর তহবিলে তাদের প্রতি শ্রমিকের বতনের প্রায় ০.৩৩ শতাংশ জমা দিতে হবে। অর্থাৎ কোনো শ্রমিকের মাসিক বেতন যদি ১০,০০০ টাকা ( ১১৬ মার্কিন ডলার) হয়, তবে মালিক সেই শ্রমিকের জন্য প্রতি মাসে মাত্র ৩৩ টাকা (০.৩৮ মার্কিন ডলার) ই আই আই স্কিম এর তহবিলে প্রদান করবেন। তবে উল্লেখ্য যে, এই ৩৩ টাকা শ্রমিকের বেতন থেকে কেটে নেয়া যাবে না। এই হিসাবটি বাংলাদেশের ক্ষেত্রে এখনও অবধারিত নয়। এটি পরবর্তীতে ত্রিপক্ষীয় অংশীদারদের আলোচনার ভিত্তিতে নির্ধারণ করা হতে পারে।

- ই আই আই স্কিম এর তহবিল থেকে কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধির ফলে হওয়া আর্থিক ক্ষতির জন্য কোনো প্রকার থেকে অর্থ দেয়া হয় না। পরিবর্তে দীর্ঘমেয়াদী কিস্তি ভিত্তিক টাকা দেয়া হয়।

- কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধির ফলে আহত বা প্রতিবন্ধী শ্রমিকের পুনর্বাসন এবং তাকে পূর্ব পেশায় ফিরিয়ে আনতে কিংবা বিকল্প পেশায় নিয়োজিত হয়ে কাজ করতে ই আই আই স্কিম সাহায্য করবে।

# শ্রমিকের সুবিধা

- কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধি বা অসুস্থতার কারণে আর্থিক ক্ষতির সম্মুখীন হলে তাদের জন্য সময়োপযোগী এবং পর্যাপ্ত সুরক্ষা নিশ্চিত করবে ই আই আই স্কিম।

- কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধি বা অসুস্থতার কারণে কোনো শ্রমিক প্রতিবন্ধী হয়ে থাকলে ই আই আই স্কিম এ অন্তর্ভুক্ত কারিগরি পুনর্বাসন কর্মসূচি তাকে পূর্ব পেশা কিংবা উপযুক্ত বিকল্প পেশায় কাজ করতে সাহায্য করবে।

- কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধি বা অসুস্থতার কারণে প্রতিবন্ধী হওয়া কোনো ব্যক্তি উপার্জনে অক্ষম হলে ই আই আই স্কিম এর অধীনে তার বাকি জীবনের জন্য ক্ষতিপূরণ পাবেন। মৃত শ্রমিকের উপর নির্ভরশীল পরিবারের সদস্যরাও ক্ষতিপূরণ পাবেন। এই আর্থিক সুবিধার পরিমান দুর্ঘটনার পূর্বে শ্রমিকের সর্বশেষ বেতনের কমপক্ষে ৬০% পর্যন্ত হতে পারে। অর্থাৎ সম্পূর্ণ প্রতিবন্ধী হওয়ার পূর্বে কোনো শ্রমিকের বেতন যদি মাসে ১০,০০০ টাকা হয়ে থাকে, তবে তিনি তার বাকি জীবনের জন্য প্রতি মাসে ৬,০০০ টাকা করে পাবেন।

- ই আই আই স্কিম এ তালিকাভুক্ত প্রত্যেক শ্রমিকের একটি ব্যাংক একাউন্ট থাকবে এবং ক্ষতিপূরণের দাবি অনুমোদন হলে তার নির্দিষ্ট ব্যাংক একাউন্টে কিংবা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রাপ্য অর্থ পরিশোধ করে হবে। এর ফলে প্রতিবন্ধী শ্রমিকরা তাদের প্রাপ্য অর্থ সংগ্রহের জন্য যাতায়াতের বিড়ম্বনা থেকে রেহাই পাবেন।

- ই আই আই স্কিম গুরুতর আহত শ্রমিকের জন্য জীবনব্যাপী উন্নততর চিকিৎসা এবং সেবা নিশ্চিত করবে।

## কোন দুর্ঘটনাগুলো ই আই আই এর অন্তর্ভুক্ত

পেশাগত দুর্ঘটনা প্রায়ই ঘটে থাকে, পেশাগত দায়িত্ব পালনকালে এবং যেগুলো কাজের বাইরে বা কাজের সময় সংঘটিত হয় ( যেমন- কোনো অর্থনৈতিক লেনদেন নিযুক্ত থাকাকালীন বা কর্মস্থলে থাকাকালীন বা নিয়োগকর্তার কাজ করা কালীন ) এমন ঘটনাগুলোকে বোখানো হয়ে থাকে।

## কোন ঘটনাগুলো ই আই আই এর অন্তর্ভুক্ত নয়

কোনো দুর্ঘটনা পেশাগত দুর্ঘটনা হিসেবে বিবেচিত না হওয়ার কারণ হলো যখন নিয়োগকর্তার নিয়ন্ত্রনের বাইরে কোনো ঘটনা বা পরিস্থিতি যেমন- যুদ্ধ, দাঙ্গা, অপরাধ, মহামারী, ভূমিকম্প বা সুনামি, যার জন্য নিয়োগকারীকে দায়ী করা যায় না। অপরাধমূলক আচরণ যেখানে কোনো ব্যক্তি জানার পরও সুস্পষ্ট ঝুঁকি উপেক্ষা করে বা অন্যের জীবন এবং সুরক্ষা উপেক্ষা করে।